

💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ৩৩৪৬

২৭/ আদব

পরিচ্ছেদঃ নতুন কাপড় বা জুতা ইত্যাদি পরার সময় কী বলতে হয়?

আরবী

عَن أَبِي سَعِيدٍ الخُدْرِيِّ قَالَ: كَانَ رَسُوْلُ اللهِ عَيَّلِيُّ إِذَا اسْتَجَدَّ ثَوباً سَمَّاهُ بِاسْمِهِ – عِمَامَةً أَوْ قَميصاً أَوْ رِدَاءً – يَقُولُ اللَّهُمَّ لَكَ الْحَمْدُ أَنْتَ كَسَوْتَنِيهِ أَسْأَلكَ خَيْرَهُ وَخَيْرَ مَا صُنِعَ لَهُ رَواه أَبُو داود والترمذي، وقال حديث حسن

বাংলা

(৩৩৪৬) আবূ সাঈদ খুদরী (রাঃ) হতে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যখন নতুন কাপড় পরতেন, তখন পাগড়ী, জামা কিংবা চাদর তার নাম নিয়ে এই দু'আ পড়তেন,

'আল্লাহ্মা লাকাল হামদু আনতা কাসাউতানীহ, আসআলুকা মিন খাইরিহী অখাইরি মা সুনিআ লাহ, অআউযু বিকা মিন শাররিহি অশাররি মা সুনিআ লাহ।'

অর্থ- হে আল্লাহ তোমারই নিমিত্তে সমস্ত প্রশংসা, তুমি আমাকে এই (নতুন কাপড়) পরালে, আমি তোমার নিকট এর কল্যাণ এবং এ যার জন্য প্রস্তুত করা হয়েছে তার কল্যাণ প্রার্থনা করছি। আর এর অকল্যাণ এবং যার জন্য এ প্রস্তুত করা হয়েছে তার অকল্যাণ থেকে আমি তোমার নিকট আশ্রয় চাচ্ছি। (আবু দাউদ ৪০২২, তিরমিযী ১৭৬৭, হাসান)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ আবূ সা'ঈদ খুদরী (রাঃ)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন